

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৪.১৮.২১৫.২১.৩৮৩

তারিখ: ০৪/০৩/২০২৬

কোটেশন বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় মহিলা সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরের জেলা ও উপজেলা কার্যালয়ে চলমান দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী কোর্স এর সনদ পত্র ছাপানোর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে পদ্ধতিতে নিম্নোক্তভাবে কোটেশন বিজ্ঞপ্তি (RFQ) আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	মালামাল	বিবরণ	পরিমাণ
১।	সনদপত্র	ক) কাগজ: ৩০০ গ্রাম সলিড কার্ড। খ) সাইজ : ৮" x ১০.৫" গ) ছাপা: সনদের এক পাশে বাংলায় ও অপর পাশে ইংরেজীতে লেখা হবে নমুনা অনুযায়ী। ঘ) সংস্থার ও সরকারী ২টি মনোগ্রাম সহ ৪ (চার) কালার নমুনা অনুযায়ী।	২২,৮০০টি (বাইশ হাজার আটশত)

এমতাবস্থায়, প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অফিসিয়াল প্যাডে কোটেশন আহ্বান করা যাচ্ছে। আগামী ১৬/০৩/২০২৩ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর, ১৪৫, নিউ বেইলী রোডস্থ, জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ভবনের ৫০৬ নং রুমের সম্মুখে রক্ষিত বক্সে টেন্ডার দাখিল করতে হবে। ঐ দিন দুপুর ২:০০ ঘটিকায় দরপত্র খোলা এবং মূল্যায়ন করা হবে।

শর্তাবলী:

- ১। কোটেশন বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব হেড প্যাডে দর অংকে ও কথায় এবং আয়কর ও ভ্যাট যোগ করে সর্বমোট দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- ২। দরপত্রে অবশ্যই দরপত্র দাখিলকারীর স্বাক্ষরসহ পূর্ণ নাম ও পূর্ণ ঠিকানা থাকতে হবে।
- ৩। দরপত্রের সাথে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন (TIN) ও ভ্যাট (VAT) সনদের কপি দাখিল করতে হবে।
- ৪। আয়কর ও ভ্যাট সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে।
- ৫। কোটেশন অবশ্যই সীলগালা করা খামে এবং খামের উপর ‘কোটেশন’ শব্দটি এবং প্রাপক ও প্রেরকের পূর্ণ নাম ঠিকানা লিপিবদ্ধ করে দাখিল করতে হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে মালামালসমূহ জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা সরবরাহ করতে হবে। সরবরাহকৃত সনদপত্রে ছাপার কোন ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে তা ফেরত প্রদান পূর্বক কোটেশন অনুযায়ী ত্রুটিমুক্ত মালামাল সরবরাহ করতে হবে।
- ৭। দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৪/০৩/২০২৬
সৈয়দা মেহেরুন নেছা কবীর
পরিচালক (উপ-সচিব)
জাতীয় মহিলা সংস্থা

বিতরণ:

- ১। বাংলাদেশ সচিবালয়ের ১নং গেটের নোটিশবোর্ড।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড, মশিবিম, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট।
- ৪। প্রকল্প অফিস সমূহের নোটিশ বোর্ড, জাতীয় মহিলা সংস্থা।
- ৫। মহিলা বিষয়ক অধিদপ্তর নোটিশ বোর্ড।
- ৬। প্রেসক্লাবের নোটিশ বোর্ড।